

মুজিববর্ষের অঙ্গীকার,
শোভন কর্মপরিবেশ হোক
সবার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
স্বাস্থ্য শাখা
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০৪.৩৭.০০২.২০.৫৬

তারিখ: ১০ চৈত্র ১৪২৬

২৪ মার্চ ২০২০

বিষয়: নোভেল করোনা (২০১৯-n CoV) ভাইরাস প্রতিরোধে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক গৃহীত ব্যবস্থাসমূহ অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের জাতার্থে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস প্রতিরোধের জন্য কারখানা/প্রতিষ্ঠানের মালিকদের করণীয় সম্পর্কে ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, থার্মাল স্ক্যানার দিয়ে ফ্যাক্টরিতে প্রবেশের কার্যক্রমসহ নিম্নোক্ত ব্যবস্থাদি গৃহীত হয়েছে :

২. শ্রমঘন শিল্প সেক্টরসমূহে করোনা ভাইরাস-এর সংক্রমন প্রতিহত করার জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতাধীন ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে ইতোমধ্যে ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) লিফলেট বিতরণ এবং ২৫,০০০ (পঁচিশ হাজার) পোস্টার কারখানা ও প্রতিষ্ঠানের প্রধান ফটক, দৃষ্টিগ্রাহ্য স্থানে ও জনসমাগম স্থানে লাগানোর জন্য ১৮/০৩/২০২০ তারিখে প্রেরিত হয়েছে এবং দৃশ্যমান স্থানে টাঙ্গানো হয়েছে ও শ্রমিকদের বিতরণ করা হয়েছে। অধিকন্তু অদ্য ৫০,০০০ (পঞ্চাশ হাজার) লিফলেট এবং ৫০,০০০ (পঞ্চাশ হাজার) পোস্টার মুদ্রণ পূর্বক ৪টি শ্রমঘন জেলায় প্রেরণ করা হয়েছে।

৩. প্রধান কার্যালয়সহ ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে করোনা ভাইরাস (COVID-19) প্রিভেন্টিভ কমিটি গঠন করা হয়েছে। কমিটি নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করছেঃ

(ক) প্রধান কার্যালয়ে গঠিত করোনা ভাইরাস প্রিভেন্টিভ মেজারমেন্ট বিষয়ক কন্ট্রোল রুমের সাথে নিয়মিত যোগাযোগ হচ্ছে।

(খ) সকল জেলা কার্যালয়ের এ বিষয়ক ফোকাল পয়েন্টের সাথে যোগাযোগ হচ্ছে।

(গ) সরকারের কেন্দ্রীয়ভাবে গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নে কাজ করছে।

(ঘ) নিয়মিত প্রধান কার্যালয়ে সকল শাখা মনিটর করছে এবং কর্মকর্তা/কর্মচারীদের সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

৪. প্রধান কার্যালয়সহ ২৩ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে। এই কন্ট্রোল রুম সকাল ০৮ টা থেকে রাত ০৮টা পর্যন্ত খোলা আছে।

৫. ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের, উপমহাপরিদর্শকগণদের ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগপূর্বক কন্ট্রোল রুম চালু আছে এবং দৈনন্দিন কার্যক্রমসমূহ প্রধান কার্যালয়ে অবহিত করা হচ্ছে।

৬. প্রধান কার্যালয়ের যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য), ডা: মো: মোস্তাফিজুর রহমানকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসাবে নির্ধারণ করা হয়েছে।

৭. ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের, উপমহাপরিদর্শকগণদের স্থানীয় প্রশাসন এবং স্বাস্থ্য বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ স্থাপনপূর্বক শিল্প-কারখানার শ্রমিকদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নির্দেশ দেয়া হয়েছে।
৮. করোনা ভাইরাস-এর সংক্রমণ প্রতিহত করার জন্য ২৪ ঘণ্টা জরুরী প্রয়োজনে ১৬৩৫৭ টোল ফ্রি হটলাইন চালু করা হয়েছে।
৯. COVID-19 সংক্রমণ প্রতিরোধে ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে রেজিস্টার খোলা হয়েছে। উক্ত রেজিস্টারের তথ্য প্রদানকারী নাম, ঠিকানা, মোবাইল নম্বর রোগাক্রান্ত ব্যক্তি নাম, বয়স, লিঙ্গ, মোবাইল নম্বর, কর্মরত কারখানা ও প্রতিষ্ঠানে নাম ঠিকানা রেজিস্টার সংরক্ষণ করা হচ্ছে।
১০. এছাড়াও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের অফিসে প্রবেশের পূর্বে যথাযথ প্রক্রিয়ায় করোনা ভাইরাস প্রতিরোধে প্রবেশ নিশ্চিত করার কার্যক্রম চলমান রয়েছে।
১১. COVID-19 সংক্রমণ প্রতিরোধে ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম জেলাসমূহের উপমহাপরিদর্শকদের নেতৃত্বে স্ব-স্ব এলাকার শিল্প পুলিশ সাব জোনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও ফোর্সদের সাথে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিদর্শকদের সমন্বয়ধর্মী কার্যক্রম শুরু করা হয়েছে।
১২. নোভেল করোনা (২০১৯-n CoV) ভাইরাস প্রতিরোধ ও করণীয় সম্পর্কে মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাপতিত্বে একাধিক দিক-নির্দেশনামূলক আলোচনা সভা হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র অধিদপ্তরের কার্যক্রম চলমান আছে।
১৩. এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী স্থানীয় জেলা প্রশাসন এর সাথে সমন্বয়পূর্বক কার্যক্রম গ্রহণের জন্য উপমহাপরিদর্শকদের নির্দেশনা প্রদান করা হয়েছে।
১৪. পোস্টার এবং লিফলেটের নির্দেশনাসমূহ সিডি তৈরী পূর্বক প্রচারের জন্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের অনুরোধ করা হয়েছে।
১৫. শ্রম পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে কারখানা মালিক ও শ্রমিক নেতৃবৃন্দের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে।
১৬. অত্র অধিদপ্তরের কর্মকর্তাদের সর্তকতা ও সচেতনতা অবলম্বনপূর্বক station leave না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
- ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হলো।



২৪-৩-২০২০

শিবনাথ রায়

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮৩৯১৭৩১

ফ্যাক্স: ০২-৮৩৯১৪২৫

ইমেইল: chiefdife@gmail.com

সচিব

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০৪.৩৭.০০২.২০.৫৬/১(১৬)

তারিখ: ১০ চৈত্র ১৪২৬

২৪ মার্চ ২০২০

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

- ৪) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫) সচিব, পাট ও বস্ত্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা
- ৭) মহাপরিচালক, শিল্প পুলিশ, উত্তরা, ঢাকা।
- ৮) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
- ৯) অতিরিক্ত মহাপরিদর্শক, অতিরিক্ত মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
- ১০) বিভাগীয় কমিশনার (সকল), .
- ১১) জেলা প্রশাসক (সকল), .
- ১২) মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩) সভাপতি, বাংলাদেশ এমপ্লয়র্স ফেডারেশন/বিজিএমইএ/বিকেএমইএ
- ১৪) যুগ্মমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ১৫) উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ১৬) শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর



১৪-৩-২০২০

শিবনাথ রায়

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)